

ঢাবিতে ছাত্রলীগের চার নেতা বহিষ্কার

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৪ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৪ অক্টোবর ২০১৯ ০১:৩৬

অস্ত্র ও মাদকসংশ্লিষ্টতার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিষয়টি নিশ্চিত করেছেন প্রক্টর অধ্যাপক একেএম গোলাম রব্বানী। গতকাল বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আবাসিক হল ও হোস্টেল প্রশাসনের এক মতবিনিময় সভায় এ সিদ্ধান্ত হয়েছে বলে জানান তিনি। সাময়িক বহিষ্কৃতরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক উপক্রীড়া সম্পাদক হাসিবুর রহমান তুষার, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক উপঅর্থ সম্পাদক আবু বক্কর আলিফ, মুহসীন হল ছাত্রলীগের ধর্মবিষয়ক উপসম্পাদক ইফতেখার ইসলাম তুষার ও শাখা ছাত্রলীগের সাবেক সহসম্পাদক ইমরান ফরহাদ ইমু। তারা সবাই হাজী মুহম্মদ মুহসীন হলের শিক্ষার্থী।

প্রক্টর একেএম গোলাম রব্বানী বলেন, চার জনকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। কেন স্থায়ী বহিষ্কার করা হবে না- তা জানতে চেয়ে ওই চার শিক্ষার্থীকে কারণ দর্শাতে বলা হয়েছে আগামী সাত কার্যদিবসের মধ্যে। অন্যথায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা নেবে।

গত ৮ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের হাজী মুহম্মদ মুহসীন হলের একটি কক্ষে অভিযান চালিয়ে হাসিবুর রহমান ও আবু বকরকে

advertisement

অস্ত্র ও মাদকসহ আটক করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ওই কক্ষের আবাসিক শিক্ষার্থী ইমরান হোসেন সেদিন পালিয়ে যান।

পরে ওই তিনজনের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা হয়েছে বলে জানান প্রক্টর। এ ছাড়া হল প্রশাসনের অভিযোগের ভিত্তিতে ইফতেখার ইসলামকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

advertisement